'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 2nd Semester Examination, 2024

## DSC1/2-P2-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনও ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত ছন্দকে কয় ভাগে ভাগ করা যায় ? প্রত্যেক ভাগের একটি করে উদাহরণ দাও।

(খ) মাত্রা বলতে কী বোঝো ? বাংলা তিনপ্রকার ছন্দে মাত্রা গণনার পদ্ধতি লেখো।

(গ) দল কাকে বলে ? দল কয় প্রকার ? প্রত্যেক প্রকার দলের একটি করে উদাহরণ দাও।

(ঘ) 'লুপ্তোপমা' অলংকার কাকে বলা হয় ? উপযুক্ত উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ঙ) 'শ্লেষ' অলংকারের সংজ্ঞা লেখো। 'শ্লেষ' অলংকারের শ্রেণিবিভাগগুলির নাম উল্লেখ করো।

(চ) ব্যাজস্তুতি কাকে বলে ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

২। নিম্নলিখিত যে-কোনও ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ছন্দোলিপি নির্ণয় করোঃ (যে-কোনও ***দুটি***) ৩+৩

(অ) গন্ধ চলে যায় হায় বন্ধ নাহি থাকে
ফুল তারে মাথা নাড়ি ফিরে ফিরে ডাকে।

(আ) কৃষ্ণকলি আমি তারেই বলি
কালো তারে বলে গাঁয়ের লোক
মেঘলা দিনে দেখেছিলেম মাঠে
কালো মেয়ের কালো হরিণ চোখ।

(ই) রাত নির্জন পথে কত ভয় তবুও রানার ছোটে
দস্যুর ভয় তারো চেয়ে ভয় কখন সূর্য ওঠে।

(খ) অলঙ্কার নির্ণয় করোঃ (যে-কোনও ***দুটি***) ৩+৩

(অ) পাখির নীড়ের মতো চোখ তুলে
নাটোরের বনলতা সেন।

(আ) "বসিলা যুবতী
পদতলে, আহা মরি, সুবর্ণ দেউটি,
তুলসীর মূলে যেন জ্বলিল।"

(ই) "কে বলে ঈশ্বর গুপ্ত ব্যাপ্ত চরাচর,
যাহার প্রভায় প্রভা পায় প্রভাকর।"

Maynaguri College Library

(গ) টীকা লেখোঃ (যে-কোনও ***দুটি***) ৩+৩

পঙ্‌ক্তি, পর্ব, যতি, কলা, অতিপর্ব

(ঘ) সমাসোক্তি ও ব্যাতিরেক অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

(ঙ) অক্ষরবৃত্ত বা তানপ্রধান ছন্দের শোষণশক্তি বলতে কী বোঝো ? উদাহরণসহ আলোচনা করো।

(চ) শব্দালঙ্কার কাকে বলে ? অর্থালঙ্কারের সঙ্গে এর পার্থক্য কোথায় ? যে-কোনও একটি শব্দালঙ্কারের সংজ্ঞা উদাহরণসহ বুঝিয়ে দাও।

৩। নিম্নলিখিত যে-কোনও ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'দলবৃত্ত' ছন্দ কাকে বলে ? এই ছন্দের প্রচলিত নাম কী ? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) 'উপমা' অলংকার বলতে কী বোঝো ? 'উপমা' অলংকার কয় প্রকার ? 'উপমা' অলংকারের বিভাগগুলি উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো।

(গ) অক্ষরবৃত্ত বা মিশ্রকলাবৃত্ত ছন্দ কাকে বলে ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) রূপক অলঙ্কার কাকে বলে ? রূপক অলঙ্কারের ভাগগুলি উল্লেখ করে উদাহরণসহ বুঝিয়ে দাও।

——×——

Maynaguri College Library